



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Phone: 031-61332, Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১৪ জুন ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটিতে জেএসএস কর্তৃক পিসিপি কর্মির উপর সশস্ত্র হামলার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় দপ্তর আজ ১৪ জুন ২০০৯ এক বিবৃতিতে গতকাল রাঙামাটি শহরে পাহাড়ি ছাত্র পরিষদের কর্মি কল্লোল চাকমার প্রাণ নাশের লক্ষ্যে জেএসএস (সম্ভ গ্রুপ) সন্ত্রাসীদের গুলি চালানোর ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে ঘটকদের গ্রেফতারের দাবি জানিয়েছে।

ইউপিডিএফ-এর সাধারণ সম্পাদক রবি শঙ্কর চাকমার দেয়া বিবৃতিতে উক্ত বর্বরোচিত ঘটনার জন্য সম্ভ লারমাকে দায়ি করে বলা হয়, প্রশাসনের আশ্রয় প্রশ্রয়ে তার লেলিয়ে দেয়া সন্ত্রাসীরা এভাবে একের পর এক হামলা চালিয়ে যাচ্ছে।

বিবৃতিতে বলা হয়: “তারা ইতিপূর্বে রাঙামাটি শহরে ২৫ ফেব্রুয়ারি জনসংহতি সমিতির সংস্কারবাদী গ্রুপের নেতা চন্দ্র শেখর চাকমাকে ও ২৬ এপ্রিল প্রগতি চাকমাকে গুলি করে মারাত্মকভাবে আহত করে।”

এরপরও হামলাকারী সন্ত্রাসীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা না নেয়ায় এ ধরনের ঘটনা ঘটে চলেছে বলে রবি শঙ্কর চাকমা মন্তব্য করেন।

উল্লেখ্য, গতকাল ১৩ জুন শনিবার রাত আনুমানিক পৌনে নয়টায় রাঙামাটি শহরের বনরুপায় সম্ভ লারমার লেলিয়ে দেয়া সন্ত্রাসীরা কল্লোল চাকমার ওপর গুলি চালালে তিনি মারাত্মকভাবে জখম হন। তাকে প্রথমে রাঙামাটি সদর হাসপাতালে ও পরে চট্টগ্রামে মেডিক্যাল কলেজ হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় ভর্তি করা হয়েছে।

বার্তা প্রেরক

থুইক্যাটিং মারমা

কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।